প্রথম আলো

তারিখ AUG. 02 2006
পৃষ্ঠা ৪ কলাম ২

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগের সিনিয়র-জুনিয়র পক্ষের সংঘর্ষে দুজন আহত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি গঠনকে কেন্দ্র করে সিনিয়র ও জুনিয়র পক্ষের সংঘর্ষে দলের যুগ্ম সম্পাদকসহ দুজন আহত হয়েছেন। গতকাল মঙ্গলবার দুটি পৃথক সংঘর্ষে তারা আহত হন।

ছাত্রলীগ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের ডেইরি গেটে ছাত্রলীগ সভাপতি সোহেল পারভেজ ও সাধারণ সম্পাদক মাহমুদ নাসের জনির উপস্থিতিতে নেতা-কর্মীদের মধ্যে বিশ্ববিদ্যালয় কমিটি পূর্ণাঙ্গকরণ বিষয়ে আলোচনা চলছিল। এ সময় উপস্থিত নেতা-কর্মীদের মধ্যে কমিটিতে সিনিয়র ও জুনিয়রদের প্রাধান্য নিয়ে কথাকাটাকাটি হয়। এক পর্যায়ে ছাত্রলীগের উত্তেজিত জুনিয়র কর্মীরা বর্তমান অপূর্ণাঙ্গ কমিটির যুগ্ম সম্পাদক হাসিবুল হক ভুঁইয়া সজীবকে বেদম প্রহার করেন। আহত অবস্থায় তাকে প্রথমে বিশ্ববিদ্যালয় চিকিৎসাকেন্দ্র ও পরে সাভারের এনাম মেডিকেল কলেজে পাঠানো হয়।

এই ঘটনার জের ধরে পরে ভাসানী হলসংলগ্ন বটতলায় ফের সিনিয়র ও জুনিয়র গ্রুপের কর্মীদের মধ্যে সংঘর্ষ বাধে। এ সময় ছাত্রলীগ কর্মী আশিক গুরুতর আহত হন। আশঙ্কাজনক অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি সোহেল ও সাধারণ সম্পাদক জনি এ ঘটনায় তাদের ব্যর্থতা স্বীকার করে বলেন, ঘটনার জন্য দায়ী দোষীদের খুঁজে বের করে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। খুব শিগগিরই কেন্দ্রীয় কমিটির সঙ্গে আলোচনার মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি করা হবে বলে তারা জানান।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সৈয়দ কামরুল আহসান বলেন, দুজন ছাত্র গুরুতর আহত হয়েছেন বলে শুনেছি, লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

প্রায় ছয় মাস আগে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের ৩১ সদস্যের একটি অপূর্ণাঙ্গ কমিটি গঠিত হয়। তবে এর পর ছয় মাস অতিবাহিত হলেও ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় কমিটি এখনো পূর্ণাঙ্গ রূপ পায়নি।